

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
আইসিটি -১ শাখা  
[www.sid.gov.bd](http://www.sid.gov.bd)

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের অংশ হিসেবে “স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” অ্যাপ্লিকেশনটি পাইলটিং হিসেবে বাস্তবায়নের জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: দিলদার হোসেন  
উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও আহ্বায়ক, স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” বাস্তবায়ন কমিটি।  
সভার তারিখ : ১৭-১১-২০২১ খ্রি:  
সময় : সকাল ১১.০০ টা  
স্থান : এনএসডিএস সম্মেলন কক্ষ (রুম নং- ৯২৪), পরিসংখ্যান ভবন।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়নের গুরুত্ব সভায় তুলে ধরে। সভাপতি বলেন ইতিমধ্যে স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস অ্যাপ্লিকেশনটি প্রস্তুত করা হয়েছে এবং এর মাধ্যমে প্রেরণের জন্য গুরুত্বপূর্ণ ২০টি ইনডিকেটর বাছাই করা হয়েছে। এ বিষয়ে পরবর্তী কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থিত সকলকে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

২। এ পর্যায়ে এ বিভাগের সিস্টেম অ্যানালিস্ট জনাব রফিকুল ইসলাম বলেন প্রস্তুতকৃত অ্যাপ্লিকেশনটি বাস্তবায়নের নিমিত্তে সার্ভার, একটি Real IP, সাব ডোমেইন ও একটি ই-মেইল আইডি প্রস্তুতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ পর্যায়ে সভাপতি বলেন আইসিটি ডেভেলপমেন্টের জন্য ইতিমধ্যে সার্ভার ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে যা প্রক্রিয়াধীন রয়েছে। আপাতত Bangladesh Statistical Business Register (BSBR) এর পাইলটিং কাজে ব্যবহৃত সার্ভার সমূহে অ্যাপ্লিকেশনটি হোস্ট করে পরবর্তীতে নতুন সার্ভার তা স্থানান্তর করা যাবে কি না এ বিষয়ে সভাপতি সিস্টেম অ্যানালিস্ট জনাব রফিকুল ইসলামের মতামত জানতে চান। এ বিষয়ে জনাব রফিকুল ইসলাম বলেন আপাতত BSBR এর সার্ভারসমূহ ব্যবহার করে কাজ শুরু করা যেতে পারে এবং পরবর্তীতে নতুন সার্ভারে তা স্থানান্তর করা যাবে। এ পর্যায়ে জনাব রফিকুল ইসলাম ই-মেইল ID এর ক্ষেত্রে [stat@bbs.gov.bd](mailto:stat@bbs.gov.bd) এবং সাব-ডোমেইনের ক্ষেত্রে [stat.bbs.gov.bd](http://stat.bbs.gov.bd) নামটি প্রস্তাব করেন। সভায় উপস্থিত সকল এই নামের ক্ষেত্রে একমত পোষণ করেন।


৩। এ পর্যায়ে সভাপতি বলেন সাবডোমেইন ও ই-মেইল আইডি প্রস্তুতের ক্ষেত্রে বিবিএস এর সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার জনাব চন্দ্র শেখর রায় এর সহায়তা প্রয়োজন হবে। ফলে এ কাজে তাকে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

০৪। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য:

ক্রম:	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তার নাম ও পদবি	মন্তব্য
১.	<a href="mailto:stat@bbs.gov.bd">stat@bbs.gov.bd</a> এই নামে একটি ই-মেইল আইডি এবং <a href="http://stat.bbs.gov.bd">stat.bbs.gov.bd</a> নামে একটি সাব-ডোমেইন প্রস্তুত করতে হবে।	জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম সিস্টেম এনালিস্ট	
২.	সাব-ডোমেইনটি হোস্ট করার জন্য একটি Real IP রেজিস্টার করতে হবে।	জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম সিস্টেম এনালিস্ট	
৩.	স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস অ্যাপ্লিকেশনটি আপাতত Bangladesh Statistical Business Register (BSBR) এ ব্যবহৃত সার্ভারসমূহে হোস্ট করা হবে।	জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম সিস্টেম এনালিস্ট	
৪.	অ্যাপ্লিকেশনটি সার্ভার হোস্ট করার পর পরবর্তীতে সুবিধাজনক কোনো সভায় তা সচিব মহোদয়ের সামনে উপস্থাপন করা হবে।	জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম সিস্টেম এনালিস্ট	

০৫। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
30.11.2021

(মো: দিলদার হোসেন)

উপসচিব

ও

আহবায়ক

(“স্ট্যাটিস্টিক্যাল হাইলাইটস” বাস্তবায়ন কমিটি)

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

১৫ অগ্রহায়ণ ১৪২৮

নং:-৫২.০০.০০০০.০২২.০৫.০০১.২১-৮০

তারিখ:-

৩০ নভেম্বর ২০২১

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, সিস্টেম এনালিস্ট (আইসিটি অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০২। জনাব মু: ওয়াহিদ মুরাদ, প্রোগ্রামার (আইসিটি) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০৩। জনাব জেরিনা পাশা, পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৪। জনাব সমাপ্তি মজুমদার, পরিসংখ্যান কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

জ্ঞাতার্থে (অনুলিপি):

- ০১। অতিরিক্ত সচিব, তথ্য ব্যবস্থাপনা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব, প্রশাসন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০৪। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। অফিস কপি।

  
30.11.2021

মির্জা মোহাম্মদ আশরাফুল মুনিম  
(সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার)